DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 15 Jul 2026, 12:33 PM

সারাদেশ

# কক্সবাজারে বন্যায় নিহতের সংখ্যা বেড়ে ৩০, ক্ষতিগ্রস্ত ৬৯ ইউনিয়ন

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০২:৪১ PM



কক্সবাজারে দীর্ঘ ১০ দিন পর বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে। চকরিয়া, পেকুয়া, রামু, ঈদগাঁও ও কক্সবাজার সদর উপজেলা থেকে বন্যার পানি নামতে শুরু করেছে। সোমবার (১৩ জুলাই) সকাল থেকে বৃষ্টিপাত না হওয়ায় জেলার প্রধান দুই নদী- মাতামুহুরী ও বাঁকখালীর পানি এখন বিপৎসীমার নিচে। আজ বিকেলে আকাশে সূর্যের দেখাও মিলেছে। তবে পানি নামার সঙ্গে সঙ্গেই জেলার সর্বত্র ভেসে উঠছে বন্যার ক্ষত ও ভয়াবহ ক্ষয়ক্ষতির চিহ্ন।

কক্সবাজারের জেলা প্রশাসক মো. আ. মান্নান গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে জানান, জেলার ৭১টি ইউনিয়নের মধ্যে ৬৯টি ইউনিয়নই এবারের বন্যায় মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। পুরো জেলায় পানিবন্দি মানুষের সংখ্যা ২ লাখ ৫০ হাজার ছাড়িয়ে গেছে।

অন্যদিকে এবারের টানা বৃষ্টির কারণে কক্সবাজার জেলায় পাহাড়ধস ও পাহাড়ি ঢলে এবং পানিতে ডুবে মারা গেছে মোট ৩০ জন। পাহাড়ধসে ১১ ও ৫ নং রোহিঙ্গা ক্যাম্পে ১৩ জন, কক্সবাজার শহরতলীর ছাত্তার ঘোনা, দরিয়ানগর, ঝিরঝিরি পাড়ায় ৩ জন, চকরিয়ার বরইতলীতে ২ জন, পেকুয়ার টৈটংয়ে ১ জন এবং উখিয়ার হলদিয়া পালংয়ে ১ জনসহ মোট ২০ জনের মৃত্যু হয়েছে। পাহাড়ি ঢলে বা বানের জলে ভেসে

গিয়ে রামুর কচ্ছপিয়ায় ১ জন, মহেশখালীর কুতুবজোমে ১ জন, পেকুয়ায় পানিতে ডুবে ১ শিশু, চকরিয়ার বরতলীতে ৭ জনসহ মোট ১০ জনের মৃত্যু হয়েছে।

এদিকে টানা ভারী বর্ষণ, পাহাড়ি ঢল ও উজান থেকে নেমে আসা বন্যার পানিতে চট্টগ্রাম বিভাগের পাঁচ জেলায় ব্যাপক প্রাণিসম্পদ ধ্বংস হয়েছে। সরকারি প্রাথমিক হিসাব অনুযায়ী, বন্যায় বিভাগের পাঁচ জেলায় ১ লাখ ১২ হাজার ৮২৭টি গবাদিপশু ও হাঁস-মুরগি মারা গেছে। এতে খামার ও পশুখাদ্য ধ্বংসসহ সব মিলিয়ে আনুমানিক ৩০ কোটি ১৫ লাখ টাকার আর্থিক ক্ষয়ক্ষতি হয়েছে।

বিভাগীয় প্রাণিসম্পদ অধিদপ্তর গত ১২ জুলাই (রোববার) এই প্রাথমিক ক্ষয়খতির প্রতিবেদন প্রকাশ করেছে। প্রতিবেদনে বলা হয়, বন্যায় মারা যাওয়া প্রাণীদের মধ্যে রয়েছে ৪৬টি গরু, ১২৩টি ছাগল, ৪০টি ভেড়া, ১ লাখ ১১ হাজার ৯৮টি মুরগি এবং ১ হাজার ৫২১টি হাঁস। কেবল গবাদিপশু ও হাঁস-মুরগির মৃত্যুর কারণে আর্থিক লোকসান হয়েছে ৩ কোটি ৭৮ লাখ টাকা।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, বিভাগের ৩৬টি উপজেলার ১৫৬টি ইউনিয়নে গবাদিপশুর খাবারের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এ খাতে মোট ২৫ কোটি ৪৫ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে প্রাক্কলন করা হয়েছে। বন্যার পানিতে মোট ১৮ হাজার ৪৬৮ টন খড়, ঘাস ও দানাদার খাদ্য নষ্ট হয়েছে। এরমধ্যে ১৭ কোটি ৮৮ লাখ টাকা মূল্যের ১১ হাজার ৯২০ টন খড়, ৬ কোটি ৮৬ লাখ টাকা মূল্যের ৬ হাজার ৪৩০ টন কাঁচা ঘাস এবং প্রায় ৭০ লাখ ৮০ হাজার টাকা মূল্যের ১১৮ টন দানাদার খাদ্য ধ্বংস হয়েছে।

এছাড়া বন্যার কারণে বিভাগের ৩৩টি প্রাণিসম্পদ অফিস ক্ষতিগ্রস্ত হয়েছে, ২ হাজার ১২৬ একর চারণভূমি বন্যার পানিতে প্লাবিত হয়েছে এবং ৬৫টি খামারের ৮৩০টি পশুপাখি ক্ষতিগ্রস্ত হয়েছে। খামার সংক্রান্ত এসব ক্ষতিতে লোকসান ধরা হয়েছে প্রায় ৭২ লাখ টাকা।

ক্ষয়ক্ষতির জেলাওয়ারী বিশ্লেষণে দেখা গেছে, বিভাগের মধ্যে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে চট্টগ্রাম জেলা। এখানে ৩৫টি গরু, ৮৭টি ছাগল, ৪০টি ভেড়া, ১ লাখ ৩৯৫টি মুরগি এবং ১ হাজারটি হাঁস মারা গেছে। কেবল প্রাণীর মৃত্যুর কারণে লোকসান হয়েছে ২ কোটি ৮৭ লাখ টাকা এবং খামার ও খাদ্য নষ্টসহ মোট ক্ষতি দাঁড়িয়েছে ২৮ কোটি ১৭ লাখ টাকা।

এদিকে কক্সবাজার জেলায় বন্যায় ৮টি গরু, ১২টি ছাগল, ৭ হাজার ৫০৩টি মুরগি এবং ৫২১টি হাঁসের মৃত্যু হয়েছে। প্রাণীর মৃত্যুর কারণে এখানে ৭৭ লাখ ৯১ হাজার টাকা এবং খামার ও খাদ্যসহ মোট লোকসান হয়েছে ১ কোটি ৫২ লাখ টাকা।

প্রাণিসম্পদ কর্মকর্তারা জানিয়েছেন, এই ক্ষয়ক্ষতির খতিয়ানটি প্রাথমিক। বন্যার পানি পুরোপুরি নেমে যাওয়ার পর এবং মাঠ পর্যায়ে পুনর্বিশ্লেষণ সম্পন্ন হলে সামগ্রিক ক্ষয়খতির পরিমাণ আরও বাড়তে পারে। তারা আরও যোগ করেন, ক্ষতিগ্রস্ত খামারিদের পুনর্বাসন এবং জরুরি গবাদিপশুর খাদ্য সহায়তা নিশ্চিত করতে প্রয়োজনীয় সরকারি উদ্যোগ নেওয়া হচ্ছে।

---

এ বিভাগের আরও খবর



### বঙ্গোপসাগরে লঘুচাপ: ৪ সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধি...




### তুমি কে, আমি কে, ফার্মের মুরগি স্লোগানে মুখরিত বগুড়া

দুর্যোগপূর্ণ পরিস্থিতির মধ্যে এইচএসসি পরীক্ষা নেওয়া, প্রশ্নের মান কঠিন হওয়া এবং পদার্থবিজ্ঞান পরীক্ষার আগে পর্যাপ্ত সময় না দেওয়ার অভিযোগে শ...



### এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহীতে বিক্ষোভ পরীক্ষার্থীদের

বৈরী আবহাওয়ার কারণে এইচএসসি ও সমমানের পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী শিক্ষাবোর্ডে বিক্ষোভ করেছেন পরীক্ষার্থীরা। মঙ্গলবার (১৪ জুলাই) দুপ...



**ক্ষমা চেয়ে স্ট্যাটাস, কয়েক ঘণ্টা পর মিলল ছাত্রদল নেতার ঝুলন্ত লাশ**

ফেসবুকে ক্ষমা চেয়ে একটি স্ট্যাটাস দেওয়ার কয়েক ঘণ্টা পর ময়মনসিংহের ফুলপুর উপজেলার ছাত্রদলের এক নেতার ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।মঙ্গলবার...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/kksbajare-bnjay-nihter-sngkhja-bere-30-kshtigrst-69-iuniyn